জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৪২. ০০১. ২৫- ৯৯৬

তারিখঃ ২৭ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
১২ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# অনলাইন নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত গাছসমূহ (যে অবস্থায় আছে) উল্লিখিত প্রক্রিয়া অনুসরণপূর্বক অনলাইন নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে যথাযথভাবে অনলাইনে আবেদন/ দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলোঃ

- বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজপত্র সংযুক্তপূর্বক স্ক্যান করে পিডিএফ ফরমেটে আগামী ২০ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে জেলা পরিষদ, লালমনিরহাটের ইমেইলে (zplalmonirhat@lgd.gov.bd) অথবা হোয়াটসএপে (০১৩১৭৪৭৭৮৪৮) প্রেরণ করতে হবে।
- আবেদন ফরমের সাথে জামানতের অর্থ (ফেরতযোগ্য) ব্যাংকে জমা প্রদানের রশিদ, আবেদনকারীর ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও কপি এবং একটি সচল মোবাইল নং আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- জামানতের অর্থ (ফেরতযোগ্য) বাবদ পৃথক পৃথকভাবে তালিকায় উল্লিখিত হারে জামানতের টাকা নিম্নবর্ণিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি বা ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ (ফেরতযোগ্য) জমা প্রদানের প্রমাণস্বরূপ জমা রশিদ বা অনলাইন ব্যাংক ট্রান্সফারের রশিদ পৃথক পৃথক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**i) গাছ ও জামানতের বিবরণ**

| লটের ক্র | গাছের লটের বিবরণ | প্রাক্কলিত মূল্য (টাকা) | জামানতের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১. | আদিতমারী উপজেলাধীন মহিষখোচা বাজারের পশ্চিমে আয়নারপুর বাজার হয়ে বটতলা মোড়ে ঝড়ে পড়া ০১টি বট গাছ | ৩৮, ৯০০/ - | ২০, ০০০/ - |
| ২. | সদর উপজেলাধীন নয়ারহাট বাজারের পূর্ব পাশে মন্টু মিয়ার দোকানের পশ্চিমে পুকুরের মধ্যে উপড়ে পড়া ০১টি রেন্ট্রি কড়ই গাছ | ১২, ০৬২/ - | ৫, ০০০/ - |
| ৩. | আদিতমারী উপজেলায় সাপ্টিবাড়ী ইউনিয়নে গিলাবাড়ী মৌজায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পূর্বপাশে আঃ জব্বারের বাড়ি সংলগ্ন ১টি পরিপক্ক ইউক্যালিপটাস গাছ | ১৯, ১৯০/ - | ১০, ০০০/ - |
| ৪. | আদিতমারী উপজেলাধীন কমলাবাড়ী ইউনিয়নের কুমড়ীহাট সংলগ্ন পশ্চিমে রাস্তার পাশে ঝুঁকিপূর্ণ ১টি জীবিত মেহগনি গাছ | ১০, ৯২২/ - | ৫, ০০০/ - |
| ৫. | আদিতমারী উপজেলাধীন আদিতমারী বাজার হতে মহিষখোচাগামী রাস্তায় কশালতলা থেকে ১০০গজ দক্ষিণে মোঃ শাহ আলমের বাড়ী সংলগ্ন ঝুঁকিপূর্ণ অর্ধমৃত ০১টি রেইনট্রি কড়াই গাছ | ১৬, ৩০০/ - | ৮, ০০০/ - |
| ৬. | আদিতমারী উপজেলার আদিতমারী হতে ভেলাবাড়ীগামী রাস্তায় মিলন বাজারে পল্লী চিকিৎসক মফিজুল ডাক্তারের দোকানের সাথে ১টি মরা শুকনো কাঁঠাল গাছ | ৯৬০/ - | ৫০০/ - |
| ৭. | আদিতমারী উপজেলার জেলা পরিষদ ডাকবাংলো চত্বরে আধুনিক ডাকবাংলো নির্মাণ ও উন্নয়ন কাজে বাঁধা সৃষ্টিকারী বিভিন্ন প্রজাতির ১০টি গাছ | ৫০, ৯১২/ - | ৩০, ০০০/ - |

**ii) ব্যাংকের তথ্য**

| ক্র | ব্যাংকের নাম | শাখার নাম | রাউটিং নম্বর | এ্যাকাউন্ট নম্বর | এ্যাকাউন্ট টাইটেল |
|---|---|---|---|---|---|
| 01. | Rupali Bank Ltd. | Lalmonirhat Corporate Branch | 185520463 | 4432024000009 | Zilla Parishad |

- জামানতের অর্থ (ফেরতযোগ্য) জমা প্রদানের রশিদ ব্যতীত কোন আবেদন বা প্রস্তাবিত দর বিবেচনা করা হবে না।
- অনলাইন নিলাম প্রক্রিয়া শেষে জামানতের অর্থ (ফেরতযোগ্য) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আবেদনকারীকে আবশ্যিকভাবে ফেরত প্রদান করা হবে।
- প্রতিটি গাছের লটের প্রস্তাবিত দর পৃথক পৃথক আবেদন ফরমে সুস্পষ্টভাবে অংক ও কথায় আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।

CamScanner

- প্রাক্কলন অপেক্ষা প্রস্তাবিত দর বেশি হলেই কেবল দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে এবং গ্রহণযোগ্য বিবেচিত সর্বোচ্চ প্রস্তাবিত দর চূড়ান্তভাবে অনুমোদন করা হবে।
- চূড়ান্তভাবে অনুমোদনপ্রাপ্ত সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতাকে আবশ্যিকভাবে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে প্রস্তাবিত দর এবং এর উপর প্রযোজ্য ১৫% ভ্যাট ও ১০% আয়কর সহ সমুদয় অর্থ আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে বা ট্রান্সফার করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়কর বাবদ সমুদয় অর্থ জেলা পরিষদ, লালমনিরহাটের উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদানে ব্যর্থ হলে প্রস্তাবিত দর গ্রহণযোগ্য হবে না এবং দাখিলকৃত প্রস্তাব বাতিল করা হবে। এক্ষেত্রে জমাকৃত জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জামানত ফেরত প্রদান করা হবে না। অধিকন্তু, প্রস্তাবকারী আগামী ০১ (এক) বছর জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃক পরিচালিত কোন নিলাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন না। উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল দরদাতা এই কার্যালয় কর্তৃক ০১ (এক) বছরের জন্য নিষিদ্ধ হয়েছেন তাদের এই অনলাইন নিলামে অংশগ্রহণ করা থেকে বিরত থাকতে অনুরোধ করা হলো।
- যথাসময়ে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়করের সমুদয় অর্থ জেলা পরিষদের ব্যাংক এ্যাকাউন্টে জমা হওয়া সাপেক্ষে গাছ/ গাছের খণ্ড অপসারণের কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে গাছ/ গাছের খণ্ড অপসারণ করতে হবে, অন্যথায় কার্যাদেশ বাতিল মর্মে গণ্য হবে।
- অনলাইনে প্রস্তাব দাখিলের পূর্বে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে সরেজমিনে গাছ/ গাছের খণ্ড পরিদর্শন করে অনলাইনে যথাযথভাবে সম্ভাব্য সর্বোচ্চ দর দাখিল করার পরামর্শ প্রদান করা হলো।
- অনলাইন আবেদন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোন আবেদন বা প্রস্তাবিত দর গ্রহণ করা হবে না।

২। জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এই বিষয়ে জেলা পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।

12/11/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট
ইমেইলঃ zplalmonirhat@lgd.gov.bd
মোবাইলঃ ০১৩১৭৪৭৭৮৪৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, সদর/ আদিতমারী, লালমনিরহাট।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর/ আদিতমারী থানা, লালমনিরহাট।
৮। ...............................................।
৯। অফিস কপি।

12/11/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট

CamScanner

| | | |
|---|---|---|
| | **জেলা পরিষদ কার্যালয়**<br>**লালমনিরহাট**<br>www.zplalmonirhat.gov.bd | পাসপোর্ট আকারের ছবি |

## গাছের অনলাইন নিলামের আবেদন ফরম

**ক) যা ক্রয়ের জন্য দর প্রস্তাব দাখিল করা হচ্ছে তার নামঃ ( ✓ দিন)**

☐ আদিতমারী উপজেলাধীন মহিষখোচা বাজারের পশ্চিমে আয়নারপুর বাজার হয়ে বটতলা মোড়ে ঝড়ে পড়া ০১টি বট গাছ

☐ সদর উপজেলাধীন নয়ারহাট বাজারের পূর্ব পাশে মন্টু মিয়ার দোকানের পশ্চিমে পুকুরের মধ্যে উপড়ে পড়া ০১টি রেন্ট্রি কড়ই গাছ

☐ Aw`Zgvix Dc‡Rjvq mwÞevox BDwbq‡b wMjvevox †gŠRvq miKvix cÖ_wgK we`¨vj‡qi ceØ©‡k আঃ জব্বারের বাড়ি সংলগ্ন 1wU cwic° ইউক্যালিপটাস MvQ

☐ Aw`Zgvix Dc‡Rjvaxb Kgjvevox BDwbq‡bi Kgjoxnv U msjMœ ewð‡g iv¯Íi cv‡k SzKc~Y© 1wU RxweZ †gnMwb MvQ

☐ Aw`Zgvix Dc‡Rjvaxb Aw`Zgvix evRvi n‡Z gwnl‡LvPvMvgx iv¯Íq KkvjZjv †_‡K 100MR `wÿ‡Y †gvt kvn Avjg‡gi evox msjMœ SzKc~Y© AagiZ 01wU †iBbwU^aKovB MvQ

☐ Aw`Zgvix Dc‡Rjvi Aw`Zgvix n‡Z †fjvevoxMvgx iv¯Íq wgjb evRv‡i cjøxPwKrmK gwdRyj Wv³v‡ii দোকানের mv‡_ 1wU giv ïK‡bv KvUvj MvQ

☐ Aw`Zgvix Dc‡Rjvi জেলা পরিষদ WvKevs‡jv PZ‡i Avavybk WvKevs‡jv wbg©vY I Dbœqb Kv‡R evuav m„óKvix wewfbœ cÖRvwZi 10wU MvQ

**খ) দরদাতার তথ্যঃ**

নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

পিতার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

জাতীয় পরিচয়পত্র নম্বর (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

স্থায়ী ঠিকানাঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

সচল মোবাইল নং- . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

**গ) প্রস্তাবিত দর (ভ্যাট ও আয়কর ব্যতীত) :**

অংকেঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

কথায়ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

**ঘ) জামানতের তথ্যঃ**

- জামানতের পরিমাণ (অংকে ও কথায়) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
- জামানত প্রদানের প্রক্রিয়াঃ ( ✓ দিন)
  - ☐ উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি জমা প্রদান
  - ☐ অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফার
- সরাসরি জমা প্রদানের ক্ষেত্রে (জমা স্লিপ সংযুক্ত করতে হবে) :

| জমা প্রদানের তারিখ | জমা প্রদানকারীর নাম | জমা স্লিপের নম্বর | ব্যাচ নম্বর |
|---|---|---|---|
| | | | |

- অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফারের ক্ষেত্রে (অনলাইন ব্যাংক ট্রান্সফার রশিদ সংযুক্ত করতে হবে) :

| জমা প্রদানের তারিখ | যে ব্যাংক হতে ট্রান্সফার করা হয়েছে তার নাম ও শাখা | ট্রাঞ্জেকশন আইডি |
|---|---|---|
| | | |

**ঙ) ঘোষণাঃ** আমি ঘোষণা করছি যে, প্রদত্ত সকল তথ্য সঠিক এবং কোন ভুল তথ্য প্রদান করা হয়নি। যদি কোন ভুল তথ্য প্রদান করা হয়, তবে আমার বিরুদ্ধে যে কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হলে তা নির্দ্বিধায় মেনে নিতে আমি বাধ্য থাকবো।

দরদাতার স্বাক্ষর ও তারিখ